



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

EVENING NEWS BULLETIN

BENGALI

DATE: 27 Sep. 26

TIME: 7:45 PM

-
- ১) ভারত সত্ত্বাসবাদের বিরুদ্ধে বিশ্বের সম্মুখে শক্তিশালী স্থিতিকে প্রতিপন্ন করেছে বলে প্রধানমন্ত্রীর মন কী বাত অনুষ্ঠানে প্রকাশ ।
 - ২) আসামে দুপ্রাপ্য নল শুকর সংরক্ষণের জন্য গৃহীত প্রচেষ্টার বিষয়ে প্রধানমন্ত্রীর মন কী বাতে উল্লেখ করা রাজ্যের জন্য গৌরবের বিষয় বলে মূখ্যমন্ত্রীর মন্তব্য ।
 - ৩) পর্যটন সম্পর্কিত নথি-পত্রের কাজ সহজ করে তোলার জন্য রাজ্যসরকারের অনলাইন পর্যটন আবাস পঞ্জীয়ন প্রক্রিয়া আরম্ভ
 - ৪) রাজ্যে আগামী বছরের ফেব্রুয়ারী থেকে আবহাওয়া গবেষণা ত্বরান্বিত করার জন্য রাডারের সুবিধা গ্রহণের সিদ্ধান্ত ।
-

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশে অব্যাহত থাকা জনগণনাকে জাতীয় দায়িত্ব হিসেবে অভিহিত করেছেন । শ্রী মোদী আজ আকাশবাণীর মন কী বাত অনুষ্ঠানের ১৩৮ তম পর্বে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা

ভাগ করে নিয়ে বলেন যে সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে জনগণনার প্রথম পর্যায়ে ৩২ কোটির ও বেশী পরিবারের তথ্য নথিভুক্ত করা হয়েছে। স্বগণনার মাধ্যমে ২ কোটি ৬০ লক্ষ মানুষ ইতিমধ্যে নিজেদের নাম নথিভুক্ত করেছেন। প্রধানমন্ত্রী জনগণনায় প্রত্যেক নাগরিক কে এগিয়ে আসার আহ্বান জানান।

প্রধানমন্ত্রী বলেন যে সন্ত্রাসবাদীরা ভারতকে আক্রমণ করার প্রয়াস করলে তার উপযুক্ত জবাব দেওয়া হবে। তিনি বলেন যে বিগত ১০ বছর পূর্বে পাকিস্তানের মাটিতে সার্জিক্যাল স্ট্রাইক বিশ্বের সম্মুখে ভারতের সন্ত্রাসবাদ বিরোধী স্থিতিকে প্রতিপন্ন করেছে। ভারতীয় সেনাবাহিনী ২০১৬ সালের ২৮ এবং ২৯ শে সেপ্টেম্বর পাকিস্তানে সন্ত্রাসবাদীদের ঠিকানায় সার্জিক্যাল স্ট্রাইক করে সাফল্য পায়। দেশে একসময় ধারাবাহিক বিস্ফোরণ সাধারণ বিষয় ছিল বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী ২০০৮ সালের ১৩ সেপ্টেম্বর দিল্লী ধারাবাহিক বিস্ফোরণ, ২৬ শে নভেম্বর মুম্বাই সন্ত্রাসবাদী আক্রমণের কথা তুলে ধরে দেশ বর্তমানে সন্ত্রাসবাদের বিরুদ্ধে শূণ্য সহনশীলতা নীতি অনুসরণ করেছে এবং এর ফলাফল পরিলক্ষিত হচ্ছে বলে তিনি মন্তব্য করেন।

নেশামুক্ত ভারত গড়ার লক্ষ্যে দেশের যুব সম্প্রদায়কে তাদের সৃজনশীলতার মাধ্যমে এই অভিযানের সঙ্গে যুক্ত হওয়ার আহ্বান জানান তিনি। তিনি বলেন বিভিন্ন স্কুল কলেজ বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা এই উপলক্ষ্যে নানা কার্যসূচী গ্রহণ করেছে। মাই ভারত স্বেচ্ছাসেবী সংগঠন এবং জাতীয় সমর শিক্ষার্থী বাহিনী (এন এস এস) এর উদ্যোগেও নানা সচেতনতামূলক প্রচার করা হচ্ছে বলে তিনি উল্লেখ করেন। প্রকৃতি এবং বন্যপ্রাণী রক্ষণাবেক্ষণ সম্পর্কে মত প্রকাশ করে শ্রী মোদী মানুষের বেদখলের জন্য একসময় হাতীর মুক্ত বিচরণস্থল রূপে পরিচিত আসামের সোণাই -

ৰূপাই অভয়াৰণ্য এবং নলশুকৰ সংৰক্ষণেৰ বিষয়ে আসাম সৰকাৰেৰ গ্ৰহণ
কৰা পদক্ষেপ সম্পৰ্কে বলেন যে ----

বাইট

প্ৰধানমন্ত্ৰী বলেন যে খেলাধুলোৰ উন্নয়নে ট্যালেন্ট হান্ট অভিযান
অব্যাহত রয়েছে । এৰ অংশ হিসেবে গ্ৰাম এবং মফস্বল থেকে খেলো
নতুন প্ৰতিভা খুঁজে এনে তাদের যথাযথ প্ৰশিক্ষণ দেওয়া হচ্ছে বলে তিনি
জানান ।

বিশ্বে বিলুপ্তপ্ৰায় নলশুকৰ সংৰক্ষণেৰ ক্ষেত্ৰে আসামেৰ গ্ৰহণ কৰা
পদক্ষেপ সম্পৰ্কে প্ৰধানমন্ত্ৰী নৰেন্দ্ৰ মোদী আজ মন কী বাতের অনুষ্ঠানে
উল্লেখ কৰাৰ বিষয়টি ৰাজ্যেৰ জন্য গৌৰবেৰ বিষয় বলে মুখ্যমন্ত্ৰী ডঃ
হিমন্ত বিশ্বশৰ্মা মন্তব্য কৰেছেন । প্ৰকৃতি এবং বন্য প্ৰাণীৰ সুৰক্ষাৰ জন্য
গ্ৰহণ কৰা ব্যৱস্থাৰ ফলে লাভ কৰা ইতিবাচক পৰিবৰ্তন দেশবাসীৰ
সন্মুখে তুলে ধৰাৰ জন্য মুখ্যমন্ত্ৰী প্ৰধানমন্ত্ৰী শ্ৰী মোদীৰ প্ৰতি ধন্যবাদ
জ্ঞাপন কৰেন ।

পৰ্যটনেৰ গুৰুত্ব সম্পৰ্কে বিশ্ববাসীকে সচেতন কৰাৰ জন্য আজ বিশ্ব পৰ্যটন
দিবস পালন কৰা হয়েছে । জনসাধাৰণেৰ মধ্যে সম্পৰ্ক সুদৃঢ় কৰা ,সাংস্কৃতিক
বিনিময়েৰ প্ৰসাৰ ও অৰ্থনৈতিক বিকাশে পৰ্যটনেৰ গুৰুত্বৰ বিষয়ে
আলোকপাত কৰাৰ উদ্দেশ্যে প্ৰতি বছৰ ২৭ সেপ্টেম্বৰ এই দিবস পালন কৰা
হয় । এবাৰ এই দিবসেৰ মূল বিষয়বস্তু হচ্ছে: পৰ্যটন ক্ষেত্ৰকে নতুন ৰূপে
বিকশিত কৰাৰ জন্য ডিজিটেল কাৰ্যসূচী ও কৃত্ৰিম বুদ্ধিমত্তা ।

আসাম সৰকাৰ পৰ্যটন সম্পৰ্কে নথি-পত্ৰেৰ কাজ সহজ ও দ্রুত কৰাৰ জন্য
সেবা সেতু ও পৰ্যটন বিভাগেৰ যৌথ প্ৰচেষ্টায় আজ থেকে অনলাইন পৰ্যটন

আবাস পঞ্জীয়ন ও নবীকরণ প্রক্রিয়া চালু করেছে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা একথা জানিয়ে বলেন যে এরফলে নাগরিকের সময় ও পরিশ্রম হ্রাস পাওয়া সহ পর্যটন সম্পর্কিত সেবা অধিক সহজলভ্য হবে ।

ডিমা হাসাও জেলার উমরাংগুতে আজ প্রথমবারের জন্য রাজ্য পর্যায়ের বিশ্ব পর্যটন দিবসের আয়োজন করা হয় । ডিমা হাসাওয়ের প্রাকৃতিক সৌন্দর্য্য ,সাংস্কৃতিক ঐতিহ্য এবং পর্যটনস্থল হিসেবে এর সম্ভাবনার বিষয়ে আলোকপাত করার উদ্দেশ্যে আয়োজিত এই দিনব্যাপী কার্যসূচীর অংশ হিসেবে সাফাই অভিযান ,আলোচনা ,গাছপালা রোপণ এবং সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

.....

আজ বিশ্ব নদী দিবস । প্রতিবছর সেপ্টেম্বর মাসের চতুর্থ রবিবার এই দিবস পালন করা হয় । নদী সংরক্ষণ ও নদীসমূহতে হওয়া প্রদূষণ সহ বিভিন্ন নেতিবাচক পদার্থের ফলে বিশ্বের বিভিন্নস্থানে নদীসমূহের ক্ষতি হবার প্রতি লক্ষ্য রেখে ব্যাপক সচেতনতা সৃষ্টির জন্য এই দিবস পালন করা হয় । এবার এই দিবসের বিষয়বস্তু হচ্ছে বন , নদী ও জল ছাড়া জীবনের অস্তিত্ব অসম্ভব । আসামেও এই নদী দিবসের কার্যসূচী রূপায়ন করা হয়েছে ।

.....

রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘের হাইলাকান্দি জেলা শাখার গংগা সমগ্রের উদ্যোগে বিশ্ব নদী দিবস উপলক্ষ্যে আজ হাইলাকান্দির বিসর্জন গংগা পূজা , যজ্ঞ এবং বিশেষ আরতির আয়োজন করা হয়েছে । নদী পরিষ্কার রাখা , নদীকে দূষনমুক্ত রাখা এবং নদী সংরক্ষনের বিষয়ে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করাই এই দিবস পালনের মূল লক্ষ্য বলে আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়েছে । সন্ধ্যায় বিসর্জন ঘাটে বিশেষ আরতির আয়োজন করা হয়েছে ।

.....

রাজ্যে আগামী বছরের ফেব্রুয়ারী থেকে আবহাওয়া গবেষণার প্রগতি ত্বরান্বিত করার উদ্দেশ্যে বিশেষ রাডারের সুবিধা গ্রহণ করা হবে । উল্লেখ্য গৌহাটীর উপকণ্ঠে চন্দ্রপুরে থাকা ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থার ইন্সটিটিউট কেন্দ্রে মেঘের প্রকার অধ্যয়ন করার উদ্দেশ্যে নতুন বিশেষ রাডারের সহায়তা নেওয়া হবে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ একথা জানিয়ে বলেন যে এর মাধ্যমে বৃষ্টিপাতের বিষয়ে বিশেষভাবে অধ্যয়ন করা সহ আবহাওয়ার পূর্বাভাস অনুসারে প্রস্তুতি চালানো সম্ভব হয়ে উঠবে ।

.....

এশিয়ান গেমসের তীরন্দাজিতে ভারত কমপাউন্ড মিক্সড বিভাগে সেমিফাইনালে উঠেছে । ভারতের সাহিল রাজেশ যাদব ও চিকিথা তানিপার্থি কাজাখস্থানকে ১৫৯-১৫৪ পয়েন্টে পরাজিত করেছে । পুরুষদের কমপাউন্ড দলটিও সেমিফাইনালে উঠেছে । মহিলাদের কমপাউন্ড বিভাগে ভারতের জ্যোতি সুরেখা ভেন্নাম , পৃথিকা প্রদীপ ও চিকিথা তানিপার্থির দল কাজাখস্থানকে ২৩৩-২৩০ পয়েন্টে পরাজিত করে সেমিফাইনালে প্রবেশ করেছে ।

.....

শিলচর পৌর নিগম নির্বাচনের জন্য আগামী তেসোরা অক্টোবর পৌর নিগম এলাকার জন্য সরকারী ছুটি দিন ঘোষণা করা হয়েছে । রাজ্যপালের অনুমোদনক্রমে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে আগামী তেসোরা অক্টোবর পৌর এলাকার অন্তর্গত রাজ্য সরকারের সব কার্যালয় , আর্থিক ও শিক্ষা প্রতিষ্ঠান সব বন্ধ থাকবে । এই ছুটি শুধুমাত্র শিলচর পৌর নিগম এলাকার জন্য প্রযোজ্য হবে ।

.....

শ্রীভূমির জেলার মকই ভাঙ্গা সেতুটির বর্তমান পরিস্থিতি আজ সরেজমিনে পরিদর্শন করেন উত্তর-করিমগঞ্জের বিধায়ক জাকারিয়া আহমেদ । তিনি সেতুটির পরিস্থিতি নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে জনস্বার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন । উল্লেখ্য মকই ভাঙ্গার কাছে জাতীয় সড়কের ওপর অবস্থিত সেতুটি বর্তমানে অত্যন্ত ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে । কারিগরী বিশেষজ্ঞদের প্রতিবেদনের ভিত্তিতে জননিরাপত্তার স্বার্থে শ্রীভূমির জেলা ম্যাজিস্ট্রেট সেতুটির ওপর দিয়ে সবধরনের যাতায়াত সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করেছেন । জেলা ম্যাজিস্ট্রেটের নির্দেশ অনুসারে ভারী যানবাহন ৬ নম্বর জাতীয় সড়ক এবং হাইলাকান্দি হয়ে পাঁচগ্রাম-মকইভাঙ্গা দুই লেনের সড়ক ব্যবহার করবে । অন্যদিকে হালকা যানবাহনের জন্য শ্রীগৌরী - মকইভাঙ্গা দরগাবাজার সড়ক ব্যবহারের কথা বলা হয়েছে । সেতুর উভয় প্রান্তে ব্যারিকেড ,সতর্কীকরণ সাইনবোর্ড ও ফ্লাডলাইট স্থাপনের নির্দেশ দেওয়া হয়েছে । পাশাপাশি নিষেধাজ্ঞা কার্যকর রাখতে এলাকায় ২৪ ঘন্টা পর্যাপ্ত পুলিশ মোতায়েনের নির্দেশ দেওয়া হয়েছে । জেলা ম্যাজিস্ট্রেটের নির্দেশ অমান্য করলে ভারতীয় ন্যায় সংহিতা ,২০২৩ এর ২২৩ ধারায় আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে জানানো হয়েছে ।

.....

শ্রীভূমি জেলার মাই ভারত কেন্দ্রের উদ্যোগে আজ করিমগঞ্জ সিভিল হাসপাতালে আমার স্বাস্থ্য-আমার গর্ব বিষয়ের উপর এক বিশেষ স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়েছে । বিকশিত ভারতের জন্য নেশামুক্ত যুব শীর্ষক দেশব্যাপী একশ রবিবার অভিযানের অধীনে আয়োজিত স্বাস্থ্য শিবিরে প্রায় ১৩০ জন যুবক -যুবতী অংশগ্রহণ করে । শিবিরে বি এম আই পরিমাপ , রক্তে শর্করার পরিমাণ নির্ণয় , রক্তচাপ পরীক্ষা করা হয়েছে । এছাড়া পুষ্টি ও সুস্থ জীবনযাত্রার গুরুত্ব এবং স্বাস্থ্যের উপর নেশার ক্ষতিকর প্রভাব বিষয়ের উপর

আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । অনুষ্ঠানের শেষে শিক্ষার্থীরা সব ধরনের মাদকদ্রব্য থেকে দূরে থাকার এবং একটি বিকশিত ভারত গঠনে সক্রিয় ভূমিকা রাখার দৃঢ় অঙ্গীকার নিয়ে শপথ গ্রহন করে ।

.....

আসাম প্রদেশ যাদব মহাসভার উদ্যোগে আজ শিলকুড়ি বরমবাবা মন্দির সভাগৃহে জাতীয় জনগননার উপর এক দিনের সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । সুবোচন গোয়ালার পৌরহিত্যে আয়োজিত সভায় অখিল ভারতীয় যাদব মহাসভার সহ-সভাপতি পীতাম্বর দাস যাদব , বিধায়ক রাজদীপ গোয়ালার , চা যুব কল্যাণ যুব সমিতির সভাপতি লালন প্রসাদ গোয়ালার প্রমুখ উপস্থিত ছিলেন ।
